সমকাল

তারিখ ... 13 SEP 2015 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

# ভ্যাট প্রত্যাহারের দাবিতে বিভিন্ন জেলায় শিক্ষার্থীদের বিক্ষোভ

■ সমকাল ডেস্ক

সব বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে ভ্যাট প্রত্যাহারের দাবিতে গতকাল শনিবার দেশের বিভিন্ন জেলায় সড়ক অবরোধ ও বিক্ষোভ কর্মসূচি পালন করেছেন শিক্ষার্থীরা।

সাভার : নিজস্ব প্রতিবেদক জানান, বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ওপর থেকে ভ্যাট প্রত্যাহারের দাবিতে সাভারে গণ-বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ঢাকা-আরিচা মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন। এ সময় মহাসড়কটিতে প্রায় ঘণ্টা খানেক যান চলাচল বন্ধ থাকায় তীব্র যানজটের সৃষ্টি হয়। গতকাল শনিবার দুপুর ১২টার দিকে গণ-বিশ্ববিদ্যালয়ের কয়েকশ' শিক্ষার্থী ঢাকা-আরিচা মহাসড়কের বাইশমাইল এলাকায় অবস্থান নিয়ে এই বিক্ষোভ কর্মসূচি পালন করেন। বিক্ষোভ কর্মসূচি থেকে শিক্ষার্থীরা অবিলম্বে এ সংক্রান্ত সিদ্ধান্ত প্রত্যাহারের দাবি জানান। দাবি মানা না হলে আরও কঠোর আন্দোলনের হুমকি দেওয়া হয়।

প্রায় ঘণ্টা খানেক মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করায় ওই সড়কটিতে তীব্র যানজটের সৃষ্টি হয়। এতে চরম ভোগান্তিতে পড়েন যাত্রীরা। মহাসড়ক অবরোধ করে শিক্ষার্থীদের বিক্ষোভ করার খবর পেয়ে থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে শিক্ষার্থীদের সড়ক থেকে সরিয়ে দিলে যান চলাচল স্বাভাবিক হয়ে আসে।

চন্দনাইশ (চট্টগ্রাম) : চট্টগ্রাম ব্যুরো ও দক্ষিণ চট্টগ্রাম প্রতিনিধি জানান, স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল লোহাগাড়ায় আসার খবর পেয়ে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা গতকাল রাস্তা অবরোধ করে চন্দনাইশে বিক্ষোভ করেছেন। বেসরকারি বিশ্ববিদ্যালয়ে আরোপিত সাড়ে ৭ শতাংশ ভ্যাট প্রত্যাহারের দাবিতে এ বিক্ষোভ করেন বিজিসি ট্রাস্ট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। গতকাল সকালে চন্দনাইশ ক্যাম্পাসের সামনে চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কে অবস্থান নেন শিক্ষার্থীরা। প্রায় আধা ঘণ্টা সড়কে অবস্থান নিয়ে বিক্ষোভ করেন তারা। এ সময় চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কে দীর্ঘ যানজটের সৃষ্টি হয়। পরে পুলিশ হস্তক্ষেপ করলে অবরোধ তুলে নেন শিক্ষার্থীরা। তবে ভ্যাট পুরোপুরি প্রত্যাহার করা না হলে ফের সড়ক অবরোধসহ কঠোর কর্মসূচি ঘোষণার হুমকি দিয়েছেন শিক্ষার্থীরা।

জেলা পুলিশের পটিয়া সার্কেলের এএসপি মো. শামীম হোসেন বলেন, 'স্বরাষ্ট্রমন্ত্রী লোহাগাড়ায় আসার খবর পেয়ে শিক্ষার্থীরা রাস্তায় নেমে বিক্ষোভ শুরু করেন। চন্দনাইশ থানার ওসি আবুল কাশেম ভূঁইয়া বলেন, পুলিশ শিক্ষার্থীদের সরিয়ে দিয়ে আধা ঘণ্টার মধ্যেই যান চলাচল স্বাভাবিক করে।

বিক্ষোভ সমাবেশে বিজিসি ট্রাস্ট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের পক্ষে বক্তব্য রাখেন রবিউল ইসলাম, ইমরুল কায়েস, সাহেদ মোস্তফা, নাজিম উদ্দিন, এহেছান উল্লাহ, রাজেশ কুমার নাথ, প্রণব দাশ, মামুন চৌধুরী মুক্তার হোসেন প্রমুখ।

সিলেট : সিলেট ব্যুরো জানায়, সাড়ে সাত শতাংশ ভ্যাট প্রত্যাহারে দাবিতে সিলেটে সড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। গতকাল বেলা সাড়ে ১১ টা থেকে বিকেল ৩টা পর্যন্ত সিলেট কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে সড়ক অবরোধ করে রাখেন তারা। এতে নগরীর চারটি বেসরকারি বিশ্ববিদ্যালয়–ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, সিলেট মেট্রোপলিটন ইউনিভার্সিটি, লিডিং ইউনিভার্সিটি ও নর্থ ইস্ট ইউনিভার্সিটি, রাগীব রাবেয়া মেডিকেল কলেজ, নর্থইস্ট মেডিকেল কলেজ, সিলেট উইমেন্স মেডিকেল কলেজ ও পার্কভিউ মেডিকেল কলেজ মিলে কয়েকশ' শিক্ষার্থী এতে অংশ নেন। তীব্র গরম উপেক্ষা করে তারা এ সময় ভ্যাট প্রত্যাহারের দাবিতে বিভিন্ন স্লোগান দেন। বিকেল ৩টায় হঠাৎ বৃষ্টি শুরু হলে আন্দোলনকারী শিক্ষার্থীরা অবস্থান কর্মসূচি প্রত্যাহার করে নেন।

রাজশাহী : রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি জানান, বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে শিক্ষার্থীদের সব ধরনের ভ্যাট প্রত্যাহারের দাবিতে রাজশাহীতে বিক্ষোভ করেছেন বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। গতকাল সকাল সাড়ে ১০টার দিকে নগরীর তালাইমারীতে ও বেলা ১১টায় সাহেব বাজার জিরো পয়েন্টে পৃথকভাবে এ-কর্মসূচি পালন করা হয়।